DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 11:31 AM

ক্যাম্পাস

# বেরোবিতে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স, তথ্য দিলেই ১০ হাজার টাকা পুরস্কার

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৯:৪৯ PM



ক্যাম্পাসে বহিরাগত ও মাদকসেবীদের দৌরাত্ম্য রুখতে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) প্রশাসন। মাদক কারবারি ও মাদক কেনাবেচার সঙ্গে জড়িতদের শনাক্ত করতে সহযোগিতা করলে শিক্ষার্থীদের ১০ হাজার টাকা নগদ পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. ফেরদৌস রহমান।

রোববার (৩০ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. ফেরদৌস রহমান এ তথ্য জানান।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে মাদকের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে প্রশাসন কঠোর ব্যবস্থা নেবে। গত দুই বছরে মাদকের সঙ্গে জড়িত প্রায় ১৭ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তাদের মধ্যে সাতজনকে থানায় সোপর্দ করা হয়েছে। মাদকের বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো ধরনের ছাড় দেবে না।

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষার্থী যদি মাদকের সঙ্গে জড়িত ব্যক্তি কিংবা মাদক কেনাবেচার সঙ্গে জড়িতদের শনাক্ত করতে

সহযোগিতা করে, তাহলে তাকে ১০ হাজার টাকা নগদ পুরস্কার দেওয়া হবে।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাত হলেই স্বাধীনতা স্মারক, ভিসি মাঠ, গ্যারেজ রোড, কেন্দ্রীয় মাঠ, ইইই অ্যানেক্স বিল্ডিংসহ বিভিন্ন স্থানে মাদক সেবনের দৃশ্য দেখা যায় বলে অভিযোগ রয়েছে। বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন এসব স্থান থেকে মাদকসেবী ও মাদক কারবারের সঙ্গে জড়িতদের আটক করে থানায় সোপর্দ করেছে।

প্রশাসনের এমন উদ্যোগে ক্যাম্পাসে মাদকসেবন ও মাদক কারবার নিয়ন্ত্রণে আসবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

---

## এ বিভাগের আরও খবর




**বেরোবির ইইই বিভাগের শিক্ষার্থী মিথুনের কোরিয়ায় GKS বৃত্তি লাভ**
রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরী...




**সাভারে পুলিশ কর্মকর্তাকে পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা**
ঢাকার সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) এক উপপরিদর্শককে (এসআই) পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত মো. আলতাফ হোসেন (৬০) মালিবাগ...



**যৌন সহিংসতা বন্ধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে: বেরোবি উপাচার্য**
পাবলিক স্পেস, কর্মক্ষেত্র ও উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানে যৌন ও জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন বেগম...



**বেরোবি ছাত্রদল নেতা মাসুদের দাবির পর লাইব্রেরি সংস্কারের উদ্যোগ**
জাতীয়তাবাদী ছাত্রদল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার প্রচার সম্পাদক মাসুদ রানার দাবির পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে আসনসং...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/berobite-madker-biruddhe-jiro-tlarens-tthj-dilei-10-hajar-taka-purskar